

Bengali

স্বদেশী ভাষার গুরুত্ব  
অভিভাবকদের জন্য একটি প্রচারপত্র





ভাষা হচ্ছে আপনার সন্তানকে দেয়া আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ উপহার। কিন্তু সেটি আপনি কিভাবে দেবেন?

উত্তরটি খুবই সহজ।

বাড়িতে আপনার সন্তানের সাথে রোজ আপনার ভাষায় কথা বলুন।



স্বদেশী ভাষা কেন গুরুত্বপূর্ণ?

আপনার সন্তানেরা সর্বপ্রথম সেই ভাষাটি শিখবে যে ভাষায় আপনি তাদের সাথে কথা বলেন। এটিই আপনার সাথে, পরিবারের অন্যদের সাথে এবং তাদের সংস্কৃতি ও সমাজের সাথে তাদের প্রথম সংযোগ। তাদের চারপাশের বিশ্ব সম্পর্কে জানতে এ ভাষাই তারা প্রথম ব্যবহার করে। এটাই যে ভাষা যা তাদেরকে “জীবনের জন্য প্রস্তুত” হতে সাহায্য করে -এবং আপনি হচ্ছেন সেই প্রক্রিয়ার কেন্দ্রবিন্দু! বাবা-মা যে বহুভাবে সন্তানের প্রথম শিক্ষক এটা সেগুলোর একটি।

স্বদেশী ভাষা ব্যবহার করার সুবিধাসমূহ কী কী?

স্বদেশী ভাষার ব্যবহার আপনার সন্তানদেরকে পরিবারের সাথে সংযুক্ত করে। এটি আপনার গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক ঐতিহ্য এবং আপনার বন্ধুবান্ধব ও প্রতিবেশীদের সাথেও সংযোগ তৈরি করে যারা একই ভাষায় কথা বলে। স্বদেশী ভাষা ব্যবহারের মাধ্যমে আপনি আপনার সন্তানদেরকে শিক্ষা দালের এবং একসাথে নতুন জিনিস শেখার সুযোগ পাবেন। আপনি আপনার অর্জিত নতুন কোল অভিজ্ঞতা এবং শব্দ সম্পর্কে কথা বলতে পারেন; আপনি বর্ণমালা এবং সংখ্যা চর্চা করতে পারেন। এসব বিষয় আপনার সন্তানদের প্রাথমিক পর্যায়ের শিক্ষার গুরুত্বপূর্ণ অংশ -এবং এটি আপনার জন্য সহজ ও মজার হবে যদি আপনি তা নিজের কাছে সবচেয়ে স্বস্তিদায়ক ভাষায় করেন।



কিন্তু ইংরেজির ব্যাপারে কী হবে?

যুক্তরাজ্যে বসবাসরত শিশুদের স্কুলে এবং জীবনে সফল হতে ইংরেজি প্রয়োজন। সৌভাগ্যবশত, অল্পবয়সী বাচ্চারা সহজেই দ্বিভাষী হতে পারে। যে ব্যক্তি একের অধিক ভাষায় স্বচ্ছন্দে কথা বলতে পারে তার জন্য যুক্তরাজ্য এবং সমগ্র ইউরোপ/পুরো বিশ্বব্যাপী শিক্ষা, ভ্রমণ, এবং কাজের ক্ষেত্রে অধিক সুযোগ রয়েছে। গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে, দ্বিভাষী হলে তা বাচ্চাদের অধিক শক্তিশালী চিন্তাশক্তির দক্ষতা গড়তে সাহায্য করে এবং এথেকে শিক্ষা ক্ষেত্রে দীর্ঘমেয়াদে ভালো গ্রেড ফলাফল অর্জিত হয়।

আমি কিছু ইংরেজি ভাষা জানলে বাসায় কি আমার সেটি ব্যবহার করা উচিত?

আপনি যে ভাষা ব্যবহারে সবচেয়ে স্বচ্ছন্দ আপনার সেই ভাষা ব্যবহার করা উচিত। ইংরেজির চেয়ে স্বদেশী ভাষায় আপনি অধিক স্বচ্ছন্দ হলে আপনার সন্তানদের জোরালো ভাষাগত দক্ষতা তৈরি করতে তাদের



স্বদেশী ভাষার গুরুত্ব  
অভিভাবকদের জন্য একটি প্রচারপত্র



অল্পবয়সী বাচ্চারা একই সময়ে দু'টি বা আরো বেশি ভাষা শিখতে পারে। তাদের সাথে কথা বলেন এবং তাদের কথা শোনেন এমন বড়দের সাথে পর্যাপ্ত অভিজ্ঞতার মাধ্যমে তারা দ্রুত শিখতে পারে। মাঝে মাঝে শিশুরা উভয় ভাষা থেকে শব্দ বা বাক্যাংশ সংযুক্ত করবে। সেটা ঠিক আছে। এতে মনে হতে পারে যেন তারা বিভ্রান্ত, কিন্তু আসলে তারা উভয় ভাষার নিয়মাবলী এবং শব্দ শিখছে এবং সেসব তাদের মাঝায় সাজিয়ে নিচ্ছে। এটা ভালোভাবে শেখা এবং চিন্তার একটি লক্ষণ।

আমার সন্তানেরা ইংরেজিতে কথা বলতে পছন্দ করে। আমার কী করা উচিত?

প্রথমত, উদ্বিগ্ন হবেন না। সম্ভবত, আপনার সন্তানেরা ইংরেজি পছন্দ করে, কারণ তাদের বন্ধুরা এই ভাষাতেই কথা বলে। আপনার সন্তানদের সাথে ভাষার ব্যাপারে কথা বলুন। তাদেরকে ব্যাখ্যা করুন দু'টো ভাষা শেখাই গুরুত্বপূর্ণ। প্রিয় আত্মীয় এবং বন্ধুবান্ধবসহ, তাদের জীবনে বিশেষ ব্যক্তিদের কথা বলুন যারা আপনার ভাষায় কথা বলে। যারা দ্বিভাষী তাদের বন্ধুত্ব করার এবং নতুন সংস্কৃতি সম্পর্কে জানার দ্বিগুণ সুযোগ থাকে এটা বোঝান।

স্বদেশী ভাষায় বই পড়ে, গান গেয়ে এবং খেলাধুলা করার মাধ্যমে আপনার স্বদেশী ভাষাকে মজার করে তুলুন; এবং যেকোন ধরনের কর্মকাণ্ডে এটি ব্যবহার করুন। আপনার ভাষা হচ্ছে একটি উপহারস্বরূপ, এবং এই ভাষায় কথা বলার মাধ্যমে আপনার পরিবার একত্রে আবদ্ধ থাকে।

মনে রাখবেন, ভাষার উপরই আপনার সন্তানদের সাথে আপনার সম্পর্ক নির্ভর করে। তারা যতই বড় হবে ত্রুমান্বয়ে যোগাযোগটা অধিক গুরুত্বপূর্ণ হবে। আপনাদের মধ্যে বিভিন্ন ধরনের ব্যাপক বিষয় নিয়ে কথা হবে। এটি আপনার ও আপনার সন্তানদের কাছে সহজতর ও অধিক মজার হবে যদি আপনারা উভয়েই একই ভাষায় কথা বলেন।

বলেন।

আমি বাড়িতে কী করতে পারি?

- \*স্বদেশী ভাষায় আপনার সন্তানকে গল্প বলুন এবং পড়ে শোনান।
- \*আপনি ছোটবেলায় যেসব ছড়া, গুঁথি, গান এবং কবিতা শিখেছিলেন সেসব নিয়ে আলোচনা করুন।
- \*আপনার স্থানীয় লাইব্রেরিতে গল্প পড়ার সময়, স্থানীয় উদ্‌যাপন এবং সাংস্কৃতিক অনুষ্ঠানসমূহের মত আপনার ভাষায় ঘটে যাওয়া মজার ঘটনা খুঁজুন।
- \*আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরিতে দ্বিভাষিক বই, শব্দহীন বই, বা স্বদেশী ভাষার বই অনুসন্ধান করুন।

দুই ভাষার গল্পসমূহ

সবচেয়ে সেরা যে কাজগুলো আপনি করতে পারেন সেগুলোর একটি হচ্ছে আপনার সন্তানের সাথে স্বদেশী ভাষায় পড়া। আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরিতে শিশুদের জন্য দ্বৈত ভাষার বই থাকতে পারে, যেখানে ইংরেজির সাথে আপনার স্বদেশীয় ভাষার ব্যবহার রয়েছে। আপনার সন্তানের স্কুলেও তেমন কিছু থাকতে পারে।

